

অধ্যক্ষ,  
ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল নার্সিং কলেজ

বিষয় :- মাস্টার অব সায়েন্স ইন নার্সিং ৪র্থ সেমিস্টার (থিসিস ও থিসিস ডিফেন্স) পরীক্ষা জুন-২০২৫ এর ফরমপূরণ ও ফিস জমা দেওয়া প্রসঙ্গে।

জনাব,

মাস্টার অব সায়েন্স ইন নার্সিং ৪র্থ সেমিস্টার (থিসিস ও থিসিস ডিফেন্স) পরীক্ষা জুন-২০২৫ পরীক্ষায় অংশগ্রহণ করিতে ইচ্ছুক আপনার কলেজের পরীক্ষার্থীদের ফরমপূরণ ও ফিস আগামী ২৩/০৩/২০২৫ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করিয়া ফরমসমূহ স্ব-স্ব-কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। **“www.cmc.du.ac.bd”** এই লিংকে প্রবেশ করিয়া ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ২৩/০৩/২০২৫ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস জমা নেওয়া সম্ভব হইবে না।

### পরীক্ষার ফিস ও অন্যান্য ফিসের হার

- (ক) এম.এসসি ইন নার্সিং পরীক্ষার ফিস-----৯,০০০/০০ টাকা।  
(খ) এম.এসসি ইন নার্সিং পরীক্ষার ফিস প্রতি বিষয় (সাপ্লি)-----১,৮০০/০০ টাকা।  
(খ) প্রতি পরীক্ষার্থীর নম্বরপত্র ফিস-----৪৫০/০০ টাকা।  
(গ) প্রতি পরীক্ষার্থীর রিটেনশন ফিস-----৭৫০/০০ টাকা।  
(ঘ) প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফিস-----৩০০০/০০ টাকা।

নিম্নোক্ত নিয়মাবলী অনুসারে ফরম ও ফিস দাখিল করিতে হইবে :

- ১। দেয় ফিসের টাকা **“Fees from the Constituent College”** এই শিরোনামে পে-অর্ডার/ডিডি তৈয়ার করিয়া জমা দিতে হইবে। পে-অর্ডার/ডিডি অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হইতে হইবে।
- ২। যে সকল পরীক্ষার্থী দ্বিতীয় বারে কোন পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই সকল পরীক্ষার্থীকে **“Irregular”** পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস পরিশোধ করিতে হইবে।
- ৩। যে সকল পরীক্ষার্থী প্রথম বারে কোন পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই সকল পরীক্ষার্থীকে **“Regular”** পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস পরিশোধ করিতে হইবে না।
- ৪। পরীক্ষার্থী অনলাইনে ফরমপূরণের পর পূরণকৃত ফরম ডাউনলোড করিতে হইবে। ডাউনলোডকৃত ফরমে পরীক্ষার্থী স্বাক্ষর করিয়া কলেজে জমা দিতে হইবে।
- ৫। প্রত্যেক বিষয়ের ক্লাশে ছাত্র/ছাত্রীদের কমপক্ষে ৭৫% হাজিরা থাকিতে হইবে। পরীক্ষার্থীরা অনলাইন ফরমপূরণ সম্পন্ন করার পর পরীক্ষার্থীর নাম, তাহাদের পূর্ববর্তী পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটের সঙ্গে যাচাই করিতে হইবে এবং অনলাইনে পরীক্ষার্থীর **“No. of lectures”**, **“No. of demonstartions”**, **“Practical & Clinical Classes”**, **“Tutorials”**, **“Remarks”** ঘরসমূহ পূরণ করিয়া কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীকে **“Verify”** করিবেন।
- ৬। কলেজ কর্তৃক **“Verify”** কৃত পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষার্থী হিসেবে গণ্য হইবে। শুধু তাহারাই **“Admit Card”** ডাউনলোড করিতে পারিবে। ডাউনলোডকৃত **“Admit Card”** কলেজের অধ্যক্ষ মহোদয় সত্যায়িত করিয়া পরীক্ষার্থীদের নিকট হস্তান্তর করিবেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

- ৭। ফরমে উল্লেখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে/বিষয়সমূহে পরীক্ষায় অংশ গ্রহণ করিলে প্রদত্ত পরীক্ষা বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৮। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ব্যতীত কোন পরীক্ষার্থীর ফরম ও ফিস জমা দেওয়া যাইবে না।
- ৯। কলেজের অধিভুক্তি নবায়নের ফটোকপি সত্যায়িত করিয়া জমা দিতে হইবে।
- ১০। ফিস দাখিলের ক্ষেত্রে ডাকযোগে না পাঠাইয়া কলেজের লোক মারফত অত্র অফিসে দাখিল করিতে হইবে। এই জন্য কোন টি.এ./ডি.এ. দেওয়া হইবে না।
- ১১। ফরওয়ারডিং লেটার এর মাধ্যমে ডিডি/পে-অর্ডার জমা দিতে হইবে এবং ফিসের হিসাবের বিস্তারিত বিবরণ উল্লেখ করিতে হইবে।
- ১২। সোনালী, জনতা, অগ্রণী ও ডাচ বাংলা ব্যাংক ছাড়া অন্য কোন ব্যাংকের ডিডি/পে-অর্ডার জমা দেওয়া যাইবে না।
- ১৩। প্রশাসনিক কাজের সুবিধার্থে সকল পরীক্ষার্থীর ফিস একবারে প্রেরণ করিতে হইবে। ফিস বার বার প্রেরণ করা যাইবে না।
- ১৪। ফরওয়ারডিং লেটার এর মাধ্যমে প্রত্যেক পরীক্ষার্থীর এন্ট্রি ফরম বাবদ জনপ্রতি ১০০/- (একশত) টাকা করে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার “**Controller of Examinations (33011288)**” শিরোনামে অত্র অফিসে জমাদানের জন্য অনুরোধ করা যাইতেছে। নগদ/চেক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না। **Student Verify** ছাড়া ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা নেয়া হইবে না।

প্রশাসনিক ভবন,  
ঢাকা বিশ্ববিদ্যালয়।


আপনার বিশস্ত  
স্বাক্ষর/-  
(মোঃ বাহালুল হক চৌধুরী)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ঢাকা বিশ্ববিদ্যালয়

মেমো নং- ৩২৬১/মে. সে./প./৩৩৫

তারিখঃ ১৭/০৩/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

- ১। মাননীয় ডিন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।



(মোঃ বাহালুল হক চৌধুরী)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ঢাকা বিশ্ববিদ্যালয়।